গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.৩০০০.০৪২.৯৯.০৭৮.২০.৫৯

তারিখ: ০৪ মাঘ ১৪৩২ / ১৮ জানুয়ারি ২০২৬

**বিষয় : বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে জেলা পরিষদ, ফেনী কর্তৃক বাস্তবায়নাধীন 'জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলায় নবায়নযোগ্য শক্তি (সোলার) ব্যবহারের মাধ্যমে ফেনী জেলার খরাপ্রবণ এলাকায় সুপেয় পানি সরবরাহ করার জন্য গভীর নলকূপ স্থাপন' শীর্ষক প্রকল্পের ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাব সংক্রান্ত।**

সূত্র : স্মারক নম্বর : ৪৬.২০.৩০০০.০০০.০০২.১৪.০০৭.(০৫).২২-৩৫০, তারিখ : ২২-১২-২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে জেলা পরিষদ, ফেনী কর্তৃক বাস্তবায়নাধীন 'জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলায় নবায়নযোগ্য শক্তি (সোলার) ব্যবহারের মাধ্যমে ফেনী জেলার খরাপ্রবণ এলাকায় সুপেয় পানি সরবরাহ করার জন্য গভীর নলকূপ স্থাপন' শীর্ষক প্রকল্পের ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাব সূত্রোক্ত পত্রের মাধ্যমে পাওয়া গেছে। প্রস্তাব বিশ্লেষণে নিম্নরূপ ত্রুটি পরিলক্ষিত হয়েছে :

(ক) প্রকল্প প্রস্তাবের সাথে পূরণকৃত চেকলিস্ট প্রকৃতপক্ষে, ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের নির্ধারিত চেকলিস্ট নয়। এটি ২য়/৩য় কিস্তির অর্থ ছাড়ের নির্ধারিত চেকলিস্ট। এক্ষেত্রে উক্ত অর্থ ছাড়ের জন্য নির্ধারিত চেকলিষ্ট (কপি সংযুক্ত) যা পূরণপূর্বক প্রেরণ করা হয়নি; এবং

(খ) প্রকল্পের অনুকূলে অর্থ সাশ্রয় হবে কিনা এ সংক্রান্ত কোন বিবরণ প্রস্তাবের সাথে সংযুক্ত করা হয়নি;

২। এমতাবস্থায়, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে জেলা পরিষদ, ফেনী কর্তৃক বাস্তবায়নাধীন 'জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলায় নবায়নযোগ্য শক্তি (সোলার) ব্যবহারের মাধ্যমে ফেনী জেলার খরাপ্রবণ এলাকায় সুপেয় পানি সরবরাহ করার জন্য গভীর নলকূপ স্থাপন' শীর্ষক প্রকল্পের ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের লক্ষ্যে জলবায়ু পরিবর্তন ট্রাস্টের নির্ধারিত চেকলিষ্ট পূরণপূর্বক এ সংক্রান্ত প্রয়োজনীয় প্রমাণকসহ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:......................পাতা।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইল:lgzp@lgd.gov.bd

বিতরণ :

১. প্রশাসক, জেলা পরিষদ, ফেনী; এবং
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফেনী।

নম্বর : ৪৬.০০.৩০০০.০৪২.৯৯.০৭৮.২০.৫৯

তারিখ: ০৪ মাঘ ৩২ / ১৮ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং
৫. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব